# পিরোজপুর বিজ্ঞান ও প্রযুক্তি বিশ্ববিদ্যালয়, পিরোজপুর

## পিরোজপুর-৮৫০০

স্মারক নং: পিবিপ্রবি/রেজিস্ট্রার দপ্তর/নিয়োগ (কর্মকর্তা-অংশ ২)/২০২৩/-৪০৯ তারিখ: ০১ মাঘ ১৪৩২ বঙ্গাব্দ
১৫ জানুয়ারি, ২০২৬ খ্রিষ্টাব্দ

# পুন: নিয়োগ বিজ্ঞপ্তি

পিরোজপুর বিজ্ঞান ও প্রযুক্তি বিশ্ববিদ্যালয় এর রাজস্ব খাতে জাতীয় বেতন স্কেল ২০১৫ অনুযায়ী নিম্নোক্ত পদে নিয়োগের নিমিত্ত বাংলাদেশের প্রকৃত নাগরিকদের নিকট হতে দরখাস্ত আহ্বান করা যাচ্ছে।

| ক্রমিক | পদের নাম, গ্রেড ও বেতন স্কেল | সংখ্যা | শিক্ষাগত যোগ্যতা ও অভিজ্ঞতা |
|---|---|---|---|
| ১ | রেজিস্ট্রার, গ্রেড-৩, বেতন স্কেল: ৫৬,৫০০-৭৪,৪০০/-<br>বয়স : অনূর্ধ্ব ৫৫ বছর | ১টি | পূর্ণাঙ্গ বিজ্ঞপ্তি অনুসারে |
| ২ | পরিচালক (পরিকল্পনা ও উন্নয়ন), গ্রেড-৩<br>বেতন স্কেল: ৫৬,৫০০-৭৪,৪০০/-, বয়স: অনূর্ধ্ব ৫৫ বছর | ১টি | পূর্ণাঙ্গ বিজ্ঞপ্তি অনুসারে |
| বি: দ্র: পাবলিক বিশ্ববিদ্যালয়/সরকারি/স্বায়ত্তশাসিত প্রতিষ্ঠানের চাকরি হতে অবসরপ্রাপ্ত প্রার্থীগণ চুক্তিভিত্তিক নিয়োগের জন্য আবেদন করতে পারবে: | | | |

আগ্রহী প্রার্থীগণকে উল্লিখিত পদের বিপরীতে বিশ্ববিদ্যালয়ের ওয়েবসাইট www.prstu.ac.bd এর CAREER মেন্যুতে সংরক্ষিত আবেদন ফরম, শিক্ষাগত যোগ্যতা ও অভিজ্ঞতা এবং শর্তাবলি (পূর্ণাঙ্গ বিজ্ঞপ্তি) এর আলোকে আগামী ০১ ফেব্রুয়ারি ২০২৬ তারিখের মধ্যে আবেদন করতে হবে। উল্লেখ্য, গত ০৯/০১/২০২৫ তারিখে রেজিস্ট্রার ও পরিচালক (প: ও উ:) পদে, ০২/০৬/২০২৫ তারিখে পরিচালক (প: ও উ:) পদে ও ০৪/০৮/২০২৫ তারিখে রেজিস্ট্রার পদে নিয়োগের জন্য প্রকাশিত নিয়োগ বিজ্ঞপ্তির বিপরীতে যে সকল প্রার্থীগণ আবেদন করেছেন তাদের পুনরায় আবেদপত্র প্রেরণের প্রয়োজন নেই।

উপাচার্য মহোদয়ের অনুমোদনক্রমে,

১৫.০১.২৬

(মোঃ রফিকুল আলম)
পরিচালক (অর্থ ও হিসাব)
পিরোজপুর বিজ্ঞান ও প্রযুক্তি বিশ্ববিদ্যালয়

G-148

# পিরোজপুর বিজ্ঞান ও প্রযুক্তি বিশ্ববিদ্যালয়, পিরোজপুর

পিরোজপুর-৮৫০০

স্মারক নং : পিবিপ্রবি/রেজিস্ট্রার দপ্তর/নিয়োগ (কর্মকর্তা-অংশ ২)/২০২৩/- ৫৮০

তারিখ : ০১ মাঘ ১৪৩২ বঙ্গাব্দ / ১৫ জানুয়ারি ২০২৬ খ্রিষ্টাব্দ

**পুন : নিয়োগ বিজ্ঞপ্তি (পূর্ণাঙ্গ)**

পিরোজপুর বিজ্ঞান ও প্রযুক্তি বিশ্ববিদ্যালয় এর রাজস্ব খাতে জাতীয় বেতন স্কেল ২০১৫ অনুযায়ী নিম্নোক্ত পদে নিয়োগের নিমিত্ত বাংলাদেশের প্রকৃত নাগরিকদের নিকট হতে দরখাস্ত আহ্বান করা যাচ্ছে।

| ক্রমিক | পদের নাম, গ্রেড ও বেতন স্কেল | সংখ্যা | শিক্ষাগত যোগ্যতা ও অভিজ্ঞতা |
|---|---|---|---|
| ১ | রেজিস্ট্রার<br>গ্রেড-৩<br>বেতন স্কেল : ৫৬,৫০০-৭৪,৪০০/-<br>বয়স : অনূর্ধ্ব ৫৫ বছর। | ১টি | (ক) প্রার্থীকে অবশ্যই কোন স্বীকৃত বিশ্ববিদ্যালয় থেকে যেকোনো বিষয়ে স্নাতক (সম্মান)সহ স্নাতকোত্তর ডিগ্রির অধিকারী হতে হবে। শিক্ষাজীবনের সকল পর্যায়ে ন্যূনতম ২য় শ্রেণি/বিভাগ/সমমানের সিজিপিএ থাকতে হবে।<br>(খ) পাবলিক বিশ্ববিদ্যালয়/সরকারি/স্বায়ত্তশাসিত প্রতিষ্ঠানে শিক্ষা/প্রশাসন/গবেষণা/অর্থ ও হিসাব সংক্রান্ত কাজে প্রথম শ্রেণীর কর্মকর্তা পদে (জাতীয় বেতন স্কেলের ৯ম গ্রেড ও তদূর্ধ্ব) ন্যূনপক্ষে ১৫ (পনের) বৎসরের চাকরির অভিজ্ঞতা থাকতে হবে। তন্মধ্যে ডেপুটি রেজিস্ট্রার/সমমান (গ্রেড-৫) বা তদুর্ধ্ব পদে কমপক্ষে ৫ (পাঁচ) বৎসরের চাকরির অভিজ্ঞতা থাকতে হবে।<br>(গ) প্রার্থীকে অবশ্যই সরকারি আইন, সংবিধি ও বিধিবিধান সম্পর্কে সুস্পষ্ট ধারণাসহ পাবলিক বিশ্ববিদ্যালয় বা সমপর্যায়ের ডিগ্রী প্রদানকারী শিক্ষা প্রতিষ্ঠানের প্রশাসনিক/অ্যাকাডেমিক কাজের অভিজ্ঞতা এবং তথ্য প্রযুক্তি ও কম্পিউটার ব্যবহারে পারদর্শী হতে হবে। |
| ২ | পরিচালক (পরিকল্পনা ও উন্নয়ন)<br>গ্রেড-৩<br>বেতন স্কেল: ৫৬,৫০০-৭৪,৪০০/-<br>বয়স : অনূর্ধ্ব ৫৫ বছর। | ১টি | (ক) প্রার্থীকে অবশ্যই কোন স্বীকৃত বিশ্ববিদ্যালয় থেকে সিভিল ইঞ্জিনিয়ারিং/আর্কিটেকচার/বিল্ডিং ইঞ্জিনিয়ারিং অ্যান্ড কন্সট্রাকশন ম্যানেজমেন্ট/অর্থনীতি/বানিজ্য/ডেভেলপমেন্ট স্টাডিজ বিষয়ে স্নাতক সম্মানসহ স্নাতকোত্তর ডিগ্রির অধিকারী হতে হবে। শিক্ষাজীবনের সকল পর্যায়ে ন্যূনতম ২য় শ্রেণি/বিভাগ/সমমানের সিজিপিএ থাকতে হবে।<br>(খ) পাবলিক বিশ্ববিদ্যালয়/সরকারি/স্বায়ত্তশাসিত/সংবিধিবদ্ধ প্রতিষ্ঠানে সংশ্লিষ্ট কাজে প্রথম শ্রেণির কর্মকর্তা পদে (জাতীয় বেতন স্কেলের ৯ম গ্রেড ও তদূর্ধ্ব) ন্যূনপক্ষে ১৫ (পনের) বৎসরের চাকরির অভিজ্ঞতা থাকতে হবে। তন্মধ্যে মধ্যে উপপরিচালক/সমমান (গ্রেড-৫) বা তদুর্ধ্ব পদে কমপক্ষে ৫ (পাঁচ) বৎসরের চাকরির অভিজ্ঞতা থাকতে হবে।<br>(গ) প্রার্থীকে অবশ্যই সরকারি আইন, সংবিধি ও বিধিবিধান সম্পর্কে সুস্পষ্ট ধারনাসহ পাবলিক বিশ্ববিদ্যালয় বা সমপর্যায়ের প্রতিষ্ঠানের উন্নয়ন প্রকল্প (প্রণয়ন ও বাস্তবায়ন) সংক্রান্ত কাজের অভিজ্ঞতা এবং তথ্য প্রযুক্তি ও কম্পিউটার ব্যবহারে পারদর্শী হতে হবে। |

আগ্রহী প্রার্থীগণকে উল্লিখিত পদের বিপরীতে বিশ্ববিদ্যালয়ের ওয়েবসাইট **www.prstu.ac.bd** এর **CAREER** মেন্যুতে সংরক্ষিত আবেদন ফরম, শিক্ষাগত যোগ্যতা ও অভিজ্ঞতা এবং শর্তাবলি (পূর্ণাঙ্গ বিজ্ঞপ্তি) এর আলোকে আগামী ০১ ফেব্রুয়ারি ২০২৬ তারিখের মধ্যে আবেদন করতে হবে। উল্লেখ্য, গত ০৯/০১/২০২৫ তারিখে রেজিস্ট্রার ও পরিচালক (প: ও উ:) পদে, ০২/০৬/২০২৫ তারিখে পরিচালক (প: ও উ:) পদে ও ০৪/০৮/২০২৫ তারিখে রেজিস্ট্রার পদে নিয়োগের জন্য প্রকাশিত নিয়োগ বিজ্ঞপ্তির বিপরীতে উল্লিখিত পদে যে সকল প্রার্থীগণ আবেদন করেছেন তাদের পুনরায় আবেদপত্র প্রেরণের প্রয়োজন নেই।

**নিয়োগের শর্তাবলি :**

১. উল্লিখিত পদে আবেদন ফি বাবদ ২০০.০০ টাকা "উপাচার্য, পিরোজপুর বিজ্ঞান ও প্রযুক্তি বিশ্ববিদ্যালয়" শিরোনামে জনতা ব্যাংক লি:, বেগম রোকেয়া সরণি শাখা, ঢাকা এর অনুকূলে ব্যাংক ড্রাফট/পে-অর্ডার করতে হবে;

২. আবেদনপত্রের সাথে ব্যাংক ড্রাফট/পে-অর্ডার, সকল শিক্ষাগত যোগ্যতা ও অভিজ্ঞতার সনদপত্র, জাতীয় পরিচয়পত্র, স্থায়ী নাগরিকত্বের সনদপত্র, অন্যান্য কাগজপত্রের সত্যায়িত অনুলিপি এবং ০৩ (তিন) কপি পাসপোর্ট সাইজের ছবি জমা দিতে হবে। উল্লিখিত পদের জন্য ০৫ (পাঁচ) সেট করে আবেদনপত্র জমা দিতে হবে;

৩. খামের উপরে সংশ্লিষ্ট পদের নাম ও নিজ ঠিকানা উল্লেখ করতে হবে;

৪. আবেদনপত্র অফিস চলাকালীন সময়ে (সকাল ১০:০০ টা থেকে বিকাল ৪:০০ পর্যন্ত) উপাচার্য দপ্তর, পিরোজপুর বিজ্ঞান ও প্রযুক্তি বিশ্ববিদ্যালয়, পিরোজপুর সদর-৮৫০০ বরাবরে সরাসরি অথবা ডাকযোগে পৌছাতে হবে;

৫. অভিজ্ঞতা বলতে সরকারি/স্বায়ত্তশাসিত প্রতিষ্ঠানে চাকরির অভিজ্ঞতা বুঝাবে;



CamScanner

# পিরোজপুর বিজ্ঞান ও প্রযুক্তি বিশ্ববিদ্যালয়, পিরোজপুর

## পিরোজপুর-৮৫০০

৬. কর্মরত প্রার্থীদের ক্ষেত্রে আবেদনপত্র যথাযথ কর্তৃপক্ষের মাধ্যমে দাখিল করতে হবে;
৭. অসম্পূর্ণ আবেদনপত্র সরাসরি বাতিল বলে গণ্য হবে;
৮. প্রাথমিকভাবে বাছাইকৃত প্রার্থীদের সাক্ষাৎকারের তারিখ, সময় ও স্থান পত্র/টেলিফোন/এসএমএস/ই-মেইল-এর মাধ্যমে জানানো হবে। সাক্ষাৎকারে অংশগ্রহণের জন্য কোন প্রকার টিএ/ডিএ প্রদান করা হবে না;
৯. সাক্ষাৎকারে অংশগ্রহণের সময় আবেদনকারীকে মূল সনদপত্র ও সংশ্লিষ্ট মূল কাগজ পত্রসহ উপস্থিত থাকতে হবে;
১০. কর্তৃপক্ষ কোন কারণ দর্শানো ব্যতিরেকে যে কোন আবেদনপত্র গ্রহণ বা বাতিলের ক্ষমতা সংরক্ষণ করেন এবং নিয়োগ বিজ্ঞপ্তি প্রকাশের কারণে কর্তৃপক্ষ নিয়োগ প্রদান করতে কিংবা ইন্টারভিউ কার্ড ইস্যু করতে বাধ্য থাকবে না;
১১. যে কোন ধরনের তদবির প্রার্থীদের অযোগ্যতা বলে বিবেচিত হবে;
১২. পাবলিক বিশ্ববিদ্যালয়/সরকারি/স্বায়ত্তশাসিত প্রতিষ্ঠানের চাকরি হতে অবসরপ্রাপ্ত প্রার্থীগণ চুক্তিভিত্তিক নিয়োগের জন্য আবেদন করতে পারবেন;
১৩. কোন ধরনের মিথ্যা বা অসত্য তথ্য দিয়ে চাকরি গ্রহণ করলে যেকোন পর্যায়ে চাকরি হতে অপসারিত হতে হবে।

উপাচার্য মহোদয়ের অনুমোদনক্রমে,

১৫.০১.২৬

(মোঃ রফিকুল আলম)
পরিচালক (অর্থ ও হিসাব)
পিরোজপুর বিজ্ঞান ও প্রযুক্তি বিশ্ববিদ্যালয়

অনুলিপি (অবগতি ও কার্যার্থে) :
১. রেজিস্ট্রার, পিবিপ্রবি;
২. পিএস টু ভিসি, পিবিপ্রবি (উপাচার্য মহোদয়ের সদয় অবগতির জন্য);
৩. অফিস কপি/মাস্টার কপি/নোটিশ বোর্ড।



CamScanner